

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-১ (প্রশাসন)  
১৪১-১৪৩ মতিঝিল বা,এ, ঢাকা-১০০০।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

বিষয় : “৪র্থ জাতীয় উন্নয়ন মেলা” আয়োজন সংক্রান্ত ভূমি সংস্কার বোর্ডে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী  
সভাপতি : জনাব মোঃ মাহফুজুর রহমান, চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড  
সভার স্থান : ভূমি সংস্কার বোর্ডের সম্মেলন কক্ষ  
সভার তারিখ ও সময় : ২৫/০৯/২০১৮ খ্রি:, বিকাল: ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতি: পরিশিষ্ট- ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, সরকারের নির্দেশনা অনুসারে আগামী ৪-৬ অক্টোবর, ২০১৮ তারিখ দেশব্যাপী সকল জেলা, উপজেলা এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে “৪র্থ জাতীয় উন্নয়ন মেলা” অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী ০৪ অক্টোবর, ২০১৮ তারিখ গণভবন থেকে এ মেলার শুভ উদ্বোধন ঘোষণা করবেন। তিনি সভাকে আরো অবহিত করেন যে, শেরে বাংলা নগরস্থিত আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় বিদেশি কূটনীতিক ও উন্নয়ন সহযোগীবৃন্দ উপস্থিত থাকবেন এবং মেলার স্টলসমূহ পরিদর্শন করবেন। এ বিষয়ে গত ১২-০৯-২০১৮ তারিখ সচিব, ভূমি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের “৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়” অংশগ্রহণ এবং করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর সভাপতির অনুরোধে সহকারী ভূমি সংস্কার কমিশনার-১(প্রশাসন) উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত: (ক) জাতীয় উন্নয়ন মেলার কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ-৭ (কার্যক্রম/কর্মসূচী) অনুসরণে ভূমি মন্ত্রণালয়ের/ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহ (জেলা কার্যালয়, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ) নিজ নিজ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় সুসজ্জিত স্টল প্রদানপূর্বক সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে এবং বর্তমান সরকার কর্তৃক ভূমি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেবার জন্য ও ভূমি সেবাসমূহ ডিজিটালকরণের নিমিত্ত গৃহীত কার্যক্রমসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করবে।

সিদ্ধান্ত: (খ) ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রদত্ত ই-মিউটেশন সেবাসহ ভূমি সংক্রান্ত অন্যান্য ডিজিটাল সেবার বিষয়ে সরকার কর্তৃক নির্ধারিত ব্যানার, ফেস্টুন, ব্রোসিয়ার, লিফলেট ইত্যাদির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে এবং মেলা হতে তাৎক্ষণিকভাবে ই-মিউটেশনসহ অন্যান্য ভূমি সেবা প্রদান করতে হবে।

সিদ্ধান্ত: (গ) আগামী ৪-৬ অক্টোবর, ২০১৮ তারিখে উপজেলা ও ইউনিয়ন কার্যালয়সমূহ কর্তৃক মাঠ পর্যায়ে বিশেষ ব্যবস্থায় নামজারি সেবা প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ৩ দিন ব্যাপী বিশেষ ভূমি সেবা প্রদানের ব্যবস্থা করা হবে।

সিদ্ধান্ত: (ঘ) ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় জেলা, উপজেলা ও ইউনিয়ন কার্যালয়সমূহের অংশগ্রহণের ব্যয় নির্বাহের নিমিত্ত ভূমি সংস্কার বোর্ড কর্তৃক চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৪৬০৪০১০০০০০০-জেলা কার্যালয়সমূহ প্রতিষ্ঠানিক কোডভুক্ত ৩২১১-প্রশাসনিক ব্যয় খাতের অধীন ৩২১১২৫-প্রচার ও বিজ্ঞাপন ব্যয় উপখাত হতে জেলা প্রশাসকগণের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

সিদ্ধান্ত: (ঙ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ উপজেলা ও ইউনিয়ন কার্যালয়সমূহ কর্তৃক আগামী ৪-৬ অক্টোবর, ২০১৮ তারিখে মাঠ পর্যায়ে বিশেষ ব্যবস্থায় আয়োজিত নামজারি সেবা প্রদান ও ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ৩ দিন ব্যাপী বিশেষ ভূমি সেবা প্রদানের ব্যবস্থা সরেজমিনে পরিদর্শন করবেন।





